# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩০২০

২১. উত্তরাধিকার অধ্যায় (كتاب الفرائض)

পরিচ্ছেদঃ ২৭. ‘যাবিল আরহাম’ (নিকটাত্মীয়)-দের মীরাছ

باب فِي مِيرَاثِ ذَوِي الْأَرْحَامِ

## আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ يُوسُفَ حَدَّثَنَا سُفْيَانُ عَنْ مُحَمَّدِ بْنِ سَالِمٍ عَنْ الشَّعْبِيِّ عَنْ مَسْرُوقٍ عَنْ عَبْدِ اللَّهِ قَالَ الْخَالَةُ بِمَنْزِلَةِ الْأُمِّ وَالْعَمَّةُ بِمَنْزِلَةِ الْأَبِ وَبِنْتُ الْأَخِ بِمَنْزِلَةِ الْأَخِ وَكُلُّ رَحِمٍ بِمَنْزِلَةِ رَحِمِهِ الَّتِي يُدْلِي بِهَا إِذَا لَمْ يَكُنْ وَارِثٌ ذُو قَرَابَةٍ

## বাংলা

৩০২০. মাসরূক (রহঃ) হতে বর্ণিত, আব্দুল্লাহ রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, খালা মায়ের স্থলাভিষিক্ত এবং ফুফু পিতার স্থলাভিষিক্ত আর ভাইয়ের মেয়ে (ভাতিজি) ভাইয়ের স্থলাভিষিক্ত। এবং যখন মীরাছের নির্ধারিত অংশের অধিকারী নিকটতম কোনো আত্মীয় পাওয়া না যায়, তখন (যিল আরহাম) রক্ত সম্পর্কিয় নিকটাত্মীয় তার সেই নিকটাত্মীয়ের স্থলাভিষিক্ত, যার মাধ্যমে সে সম্পর্কযুক্ত হয়।[1]

## ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ যয়ীফ, মুহাম্মদ ইবনু সালিমের দুর্বলতার কারণে।

তাখরীজ: আব্দুর রাযযাক, আল মুসান্নাফ নং ১৮১১৫; সাঈদ ইবনু মানসূর নং ১৫৫; বাইহাকী, ফারাইয ৬/২১৭; ইবনু আবী শাইবা ১১/২৬১ নং ১১১৬৫।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ মাসরূক (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=83305

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন